

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২, ২০১৩

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

১৩৯, মতিঝিল বা/এ  
ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ২০ কার্তিক ১৪১৯ বঙ্গাব্দ/০৪ নভেম্বর ২০১২ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং-৩৭৪-আইন/২০১২।—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১৪৮, ধারা ৬ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই প্রবিধানমালা গ্রামীণ বা সামাজিক খাতে বীমাকারীর দায়বদ্ধতা প্রবিধানমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১লা জানুয়ারি, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) “গ্রামীণ খাত” অর্থ সিটি কর্পোরেশন বা ক ও খ শ্রেণীভুক্ত পৌরসভা এলাকায় বসবাসকারী নয় এমন কৃষক, কৃষি শ্রমিক এবং পশুপালন, পোল্ট্রি, মৎস্য চাষ ও তদসংশ্লিষ্ট কর্মকাণ্ডে নিয়োজিত কর্মজীবী;

(খ) “সামাজিক খাত” অর্থ শ্রমনির্ভর কর্মকাণ্ডে স্বনিয়োজিত কর্মজীবী।

(৮৩)

মূল্য : টাকা ৪.০০

৩। গ্রামীণ বা সামাজিক খাতে বীমা ব্যবসা পরিচালনার দায়বদ্ধতা।—এই প্রবিধানমালা কার্যকর হইবার পর, প্রত্যেক বীমাকারী নিম্নলিখিত হারে গ্রামীণ বা সামাজিক খাতে বীমা ব্যবসা পরিচালনা করিবার জন্য দায়বদ্ধ থাকিবে, যথা :—

(ক) লাইফ ইন্স্যুরেন্স বীমাকারী কর্তৃক ইস্যুকৃত পলিসিসমূহের ক্ষেত্রে—

- (১) প্রথম বৎসরে কমপক্ষে এক শতাংশ,
- (২) দ্বিতীয় বৎসরে কমপক্ষে তিন শতাংশ,
- (৩) তৃতীয় বৎসরে কমপক্ষে ছয় শতাংশ,
- (৪) চতুর্থ বৎসরে কমপক্ষে নয় শতাংশ,
- (৫) পঞ্চম ও তৎপরবর্তী বৎসরে কমপক্ষে বার শতাংশ;

(খ) নন-লাইফ ইন্স্যুরেন্স বীমাকারী কর্তৃক ইস্যুকৃত পলিসিসমূহের ক্ষেত্রে—

- (১) প্রথম বৎসরে কমপক্ষে শূন্য দশমিক এক শূন্য (০.১০) শতাংশ,
- (২) দ্বিতীয় বৎসরে কমপক্ষে শূন্য দশমিক দুই শূন্য (০.২০) শতাংশ,
- (৩) তৃতীয় বৎসরে কমপক্ষে শূন্য দশমিক তিন শূন্য (০.৩০) শতাংশ,
- (৪) চতুর্থ বৎসরে কমপক্ষে শূন্য দশমিক চার শূন্য (০.৪০) শতাংশ,
- (৫) পঞ্চম ও তৎপরবর্তী বৎসরে কমপক্ষে শূন্য দশমিক পাঁচ শূন্য (০.৫০) শতাংশ।

কর্তৃপক্ষের আদেশক্রমে

এম. শেফাক আহমেদ, এ্যাকচুয়ারী  
চেয়ারম্যান।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd